

প্রাথমিক বিদ্যালয়ে বড় নিয়োগ সামনে, পরিবর্তন হচ্ছে নিয়োগবিধি

অনলাইন ডেক্স



ফাইল ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৭ হাজার শিক্ষক নিয়োগ হবে।

চলতি মাসের শেষে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ হতে পারে। শিক্ষক

নিয়োগবিধি সংশোধনের কাজ প্রায় চূড়ান্ত, এটি শেষ করেই

বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে বলে মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, নারী কোটা,

পোষ্য কোটা বাতিলসহ নিয়োগবিধিতে একাধিক গুরুত্বপূর্ণ

পরিবর্তন আসছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিধিমালা প্রস্তুত করে অনুমোদনের

জন্য আইন মন্ত্রণালয়ে পাঠ্টিয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর, বিভাগ, জেলা

ও উপজেলা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগবিধিতেও

আসছে পরিবর্তন। এসব প্রতিষ্ঠানে অনেক পদেই পদোন্নতি হতো
না, সেখানেও পদোন্নতির সুযোগ রাখা হচ্ছে নতুন চাকরিবিধিতে।

মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সংশোধিত নিয়োগ বিধিমালা চূড়ান্তের
পাশাপাশি প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর সহকারী শিক্ষক পদে
প্রায় ১৭ হাজার পদে শিক্ষক নিয়োগ দেওয়ারও প্রস্তুতি নিচ্ছে।

এর মধ্যে সহকারী শিক্ষক (সংগীত) পদে দুই হাজার ৫৮৩ ও
সহকারী শিক্ষক (শরীরচর্চা) পদে দুই হাজার ৫৮৩ জনকে নিয়োগ
দেওয়া হবে।